কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১।
(www.sca.gov.bd)

স্মারক নং-১২.০৪.০০০০.০০৫.৯৯.০৩০.১১- ১৮৪৮ তারিখঃ ১৭/৯/১৯

## অফিস আদেশ

জেলা বীজ প্রত্যয়ন অফিস, বীজ প্রত্যয়ন এজেন্সী, নড়াইল এর অধীনে নিয়োজিত জনাব মোঃ আব্দুর রাজ্জাক, নিরাপত্তা প্রহরী এর বিরুদ্ধে আণীত অভিযোগের তদন্তের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাকে ১(এক) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হলো ।

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১. | জনাব বুদ্ধদেব সেন<br>সহকারী আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার<br>বীজ প্রত্যয়ন এজেন্সি, খুলনা। | আহ্বায়ক |

এ কমিটি আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আণীত অভিযোগের বিষয় তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করবেন।

সংযুক্তঃ বর্ণনামতে তদন্তের স্বার্থে ২ (দুই) পাতা।

১৭/৯/১৯

কিংকর চন্দ্র দাস
পরিচালক
ফোনঃ ৪৯২৭২২০০
dir.sca.gov.bd@gmail.com

বিতরণ কার্যার্থেঃ-

১। জনাব বুদ্ধদেব সেন, সহকারী আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সি, খুলনা।
২। অতিরিক্ত উপ-পরিচালক (মাঠ প্রশাসন, পরিকল্পনা ও মনিটরিং), অত্র দপ্তর । তাকে এ পত্রের কপিটি বীজ প্রত্যয়ন এজেন্সীর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩। অফিস কপি।

বরাবর,

পরিচালক,

বীজ প্রত্যয়ন এজেন্সী ,

গাজীপুর -১৭০১।

বিষয়ঃ মোঃ আব্দুর রাজ্জাক , নিরাপত্তা প্রহরী , জেলা বীজ প্রত্যয়ন অফিস, বীজ প্রত্যয়ন এজেন্সী ,নড়াইল এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন ।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি ইসলাম জোয়ার্দার, স্বত্ত্বাধিকারী : ভাই ভাই সীড, মোনাখালি , মুজিবনগর দীর্ঘ ১০ বছর যাবৎ জেলা বীজ প্রত্যয়ন অফিস, মেহেরপুরের প্রত্যক্ষ তত্ত্বাবধায়নে ধান এবং আলু বীজ উৎপাদন ও বিক্রয় করে আসছি । মোঃ আব্দুর রাজ্জাক জেলা বীজ প্রত্যয়ন অফিস, মেহেরপুরে দীর্ঘ প্রায় ১৩ বছর যাবৎ নিরাপত্তা প্রহরী পদে চাকুরী করেছে । বর্তমানে সে জেলা বীজ প্রত্যয়ন অফিস, বীজ প্রত্যয়ন এজেন্সী ,নড়াইল এ একই পদে কর্মরত আছে । দীর্ঘদিন চাকুরী করার সুবাদে সে মেহেরপুরে বিশাল প্রভাববলয় সৃষ্টি করেছে । সে তাঁর প্রভাবকে কাজে লাগিয়ে এখানে নানা অপকর্ম করেছে ! দীর্ঘদিন চাকুরীর সুবাদে আর্থিক ফায়দা হাসিল করার জন্য মেহেরপুরে সে অসংখ্য বীজ উৎপাদক ও ডিলার সৃষ্টি করেছে যারা মানসম্মত বীজ উৎপাদন করেনা । তাদের কাছে অর্থের বিনিময়ে সে ট্যাগ বিক্রি করে থাকে । ফলে বীজ উৎপাদন না করেও অনেকে বাজারে মানহীন বীজ সরবরাহ ও বিক্রয় করার সুযোগ পাচ্ছে । এর ফলে আমরা যারা মানসম্মত বীজ উৎপাদন ও সরবরাহ করে থাকি , তারা ব্যবসায়িক ক্ষেত্রে ভীষনভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছি, দেশের কৃষক ও কৃষিখাত ধ্বংস হয়ে যাচ্ছে । এছাড়া সে নতুন লাইসেন্স তৈরি ও নবায়নের নামে আমাদের কাছ থেকে মোটা অংকের অর্থ আদায় করা , জেলা বীজ প্রত্যয়ন অফিসারের নামে মাঠ প্রতয়ন ও পরীক্ষাগারে প্রেরিত লট পাশ করিয়ে দেওয়ার কথা বলে মোটা অংকের অর্থ আদায় করা এবং টাকা না দিলে বিভিন্ন ভাবে হয়রানি করা প্রভৃতি অপকর্ম করেছে। । বর্তমানে সে আবার মেহেরপুরে বদলি হয়ে আসার জন্য জোর তদবির করছে । সে যদি পুনরায় মেহেরপুরে বদলি হয়ে আসে তবে আমরা ব্যবসায়িক ক্ষেত্রে ভীষনভাবে ক্ষতিগ্রস্ত হব।

অতএব, মহাত্মনের নিকট আকুল আবেদন ,উপরোক্ত বিষয়াদি বিবেচনা করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আকুল আবেদন জানাচ্ছি ।

নিবেদক,

২০/৮/২০

ইসলাম জোয়ার্দার,
স্বত্ত্বাধিকারী ,
ভাই ভাই সীড, মোনাখালি , মুজিবনগর ।

মোবা: 01720-139361

বরাবর,

পরিচালক,

বীজ প্রত্যয়ন এজেন্সী ,

গাজীপুর -১৭০১।

বিষয়ঃ মোঃ আব্দুর রাজ্জাক , নিরাপত্তা প্রহরী , জেলা বীজ প্রত্যয়ন অফিস, বীজ প্রত্যয়ন এজেন্সী ,নড়াইল এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন ।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি মোঃ হাবিবুর রহমান, স্বত্ত্বাধিকারী : কেইপি সীড, আমঝুপি , মেহেরপুর দীর্ঘ ৮ বছর যাবৎ জেলা বীজ প্রত্যয়ন অফিস, মেহেরপুরের প্রত্যক্ষ তত্ত্বাবধায়নে ধান ,গম এবং আলু বীজ উৎপাদন ও বিক্রয় করে আসছি । মোঃ আব্দুর রাজ্জাক জেলা বীজ প্রত্যয়ন অফিস, মেহেরপুরে দীর্ঘ প্রায় ১৩ বছর যাবৎ নিরাপত্তা প্রহরী পদে চাকুরী করেছে । বর্তমানে সে জেলা বীজ প্রত্যয়ন অফিস, বীজ প্রত্যয়ন এজেন্সী ,নড়াইল এ একই পদে কর্মরত আছে । জেলা বীজ প্রত্যয়ন অফিস, মেহেরপুরে দীর্ঘদিন ধরে অফিস সহায়ক ও অফিস সহকারী না থাকায় এবং অনেকদিন ধরে চাকুরী করার সুবাদে সে মেহেরপুরে বিশাল প্রভাববলয় সৃষ্টি করেছে এবং নানা অপকর্ম করে আসছে । আর্থিক ফায়দা হাসিল করার জন্য সে মেহেরপুরে অসংখ্য বীজ উৎপাদক ও ডিলার সৃষ্টি করেছে যারা মানসম্মত বীজ উৎপাদন করেনা , এমনকি কি কোন কোন ক্ষেত্রে বীজ উৎপাদন না করেও অনেক উৎপাদক ও ডিলার বাজারে মানহীন বীজ সরবরাহ ও বিক্রয় করার সুযোগ পাচ্ছে । এর ফলে আমরা যারা মানসম্মত বীজ উৎপাদন ও সরবরাহ করে থাকি , এক্ষেত্রে আমরা ভীষনভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছি। এছাড়া সে নতুন লাইসেন্স তৈরি ও নবায়নের নামে আমাদের কাছ থেকে মোটা অংকের অর্থ আদায় করা , জেলা বীজ প্রত্যয়ন অফিসারের নামে মাঠ প্রতয়ন ও পরীক্ষাগারে প্রেরিত লট পাশ করিয়ে দেওয়ার কথা বলে বিভিন্ন সময় অর্থ আদায় করা এবং টাকা না দিলে বিভিন্ন ভাবে হয়রানি করে । বর্তমানে সে আবার মেহেরপুরে বদলি হয়ে আসার জন্য খুব তদবির করছে । সে যদি পুনরায় মেহেরপুরে বদলি হয়ে আসে তবে আমরা ব্যবসায়িক ক্ষেত্রে ভীষনভাবে ক্ষতিগ্রস্ত হব।

অতএব, মহাত্মনের নিকট আকুল আবেদন ,উপরোক্ত বিষয়াদি বিবেচনা করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আকুল আবেদন জানাচ্ছি ।

নিবেদক,

মোঃ হাবিবুর রহমান

মোঃ হাবিবুর রহমান,
স্বত্ত্বাধিকারী ,
কেইপি সীড, আমঝুপি , মেহেরপুর ।
মোবা- 01710405997